



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৬.১৮.২১২

তারিখ: ২৯-চৈত্র-১৪২৮বঙ্গাব্দ
১২- এপ্রিল-২০২২খ্রি

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার শিক্ষা অফিসার অবসরজনিত কারণে অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব ফরিদা নাজমীন, প্রধান শিক্ষক, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, সদর, ব্রাহ্মণবাড়িয়া গত ১০.০৩.২০২২খ্রি. তারিখ থেকে দায়িত্বভার গ্রহণ করায় বর্ণিত শর্তসাপেক্ষে তাকে আর্থিক লেন-দেন ক্ষমতা প্রদান করা হলো। তিনি তার নিজের এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- এই দায়িত্ব তার নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে জেলা শিক্ষা অফিসার যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহ স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নিদিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাড়া পাবেন।


স্বাক্ষরিত
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৬.১৮.২১২

তারিখ: ২৯-চৈত্র-১৪২৮বঙ্গাব্দ
১২- এপ্রিল-২০২২খ্রি

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... অঞ্চল.....।
৩. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....।
৪. প্রধান শিক্ষক.....।
৫. জনাব.....।
৬. সংরক্ষণ নথি।


(মো: আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মা-১)
ফোন : ০২-৪১০৫০২৩৫: